# প্রশ্নাবলী

## (ক) রচনাধর্মী প্রশ্ন ঃ

(১) সাপেক্ষীকরণ বা অনুবর্তন বলতে কী বোঝো? এই প্রসঙ্গে প্যাভলভের ধারণাটি ব্যাখ্যা করো এবং শিক্ষাক্ষেত্রে এর গুরুত্ব উল্লেখ করো।

(২) স্কীনারের অপারেন্ট অনুবর্তনের কৌশলটি বর্ণনা করো এবং এর শিক্ষামূলক গুরুত্ব আলোচনা করো।

(৩) প্রাচীন অনুবর্তন ও অপারেন্ট অনুবর্তন বলতে কী বোঝো? এদের মধ্যে পার্থক্য নির্দেশ করো।

(৪) থর্নডাইকের প্রচেষ্টা ও ভুল সংশোধনের মাধ্যমে শিখনের কৌশলটি ব্যাখ্যা করো এবং শিক্ষাক্ষেত্রে তার তাৎপর্য উল্লেখ করো।

(৫) শিখনের সূত্রগুলি আলোচনা করো এবং শিক্ষার ক্ষেত্রে তার গুরুত্ব উল্লেখ করো।

(৬) শিখনের গেষ্টাল্ট মতবাদটি ব্যাখ্যা করো এবং শিক্ষাক্ষেত্রে এর প্রয়োগ বর্ণনা করো।

(৭) শিখন কাকে বলে? অনুবর্তন কী? সক্রিয় অনুবর্তনের দ্বারা শিখনকে ব্যাখ্যা করো।

(৮) শিক্ষাক্ষেত্রে শিখনের বিভিন্ন তত্ত্বের প্রয়োগ সম্বন্ধে আলোচনা করো। শিখনের গেষ্টাল্ট তত্ত্বটির আলোচনা ও সমালোচনা করো।

(৯) প্রাচীন অনুবর্তন ও সক্রিয় অনুবর্তন এই কথা দুটির অর্থ কী? এদের মধ্যে পার্থক্যগুলি কী কী? সক্রিয় অনুবর্তনের মূল নীতিটি ব্যাখ্যা করো।

## (খ) সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

(১) সাপেক্ষীকরণ বা অনুবর্তন কথাটির অর্থ কী?

(২) অপারেন্ট অনুবর্তন বলতে কী বোঝো?

(৩) প্রতিক্রিয়ামূলক আচরণ ও সক্রিয় আচরণ কী?

(৪) শিখনের প্রস্তুতির সূত্রটি উল্লেখ করো।

(৫) শিখনের অনুশীলনের সূত্রটি উল্লেখ করো।

(৬) শিখনের ফললাভের সূত্রটি উল্লেখ করো।

(৭) থর্নডাইকের শিখন ও প্যাভলভের শিখনের মধ্যে পার্থক্য নির্দেশ করো।

Scanned with CamScanner

(৮) গেস্টাল্ট কথাটির অর্থ কী?
(৯) অন্তর্দৃষ্টি বলতে কী বোঝো?
(১০) অন্তর্দৃষ্টিমূলক শিখন বলতে কী বোঝো?
(১১) প্রচেষ্টা ও ভুল সংশোধনের মাধ্যমে শিখন বলতে কী বোঝো?
(১২) শ্রেণিকক্ষে সক্রিয় অনুর্বতনের নীতিটিকে কীভাবে প্রয়োগ করা সম্ভব?
(১৩) প্রবলক বা শক্তিদায়ক সত্তা কাকে বলে? এর মাধ্যমে কীভাবে শিখন সম্পন্ন
(১৪) প্রাচীন ও সক্রিয় অনুবর্তনের মধ্যেকার মূল পার্থক্যগুলি উল্লেখ করো।
(১৫) অনুবর্তিত ও অননুর্তিত প্রতিক্রিয়ার মধ্যে পার্থক্য উল্লেখ করো।
(১৬) জ্ঞানমূলক মানচিত্র কী?

Scanned with CamScanner

### (ক) রচনাধর্মী প্রশ্ন ঃ

(১) শিখন সঞ্চালন কী? বিভিন্ন প্রকার সঞ্চালনের ধারণা উল্লেখ করো। এই প্রসঙ্গে শিক্ষায় সঞ্চালনের প্রয়োগ আলোচনা করো।

(২) শিখন সঞ্চালন প্রসঙ্গে বিভিন্ন তত্ত্বগুলি আলোচনা করো এবং শ্রেণি-শিক্ষণে তার প্রয়োগ উল্লেখ করো।

### (খ) সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

(১) বিভিন্ন প্রকারের সঞ্চালন উদাহরণ সহ উল্লেখ করো।

(২) সঞ্চালনের অভিন্ন উপাদানের তত্ত্বটি উল্লেখ করো।

(৩) সঞ্চালনের গেস্টাল মতবাদটি ব্যাখ্যা করো।

(৪) সঞ্চালনের সামান্যীকরণের তত্ত্বটি ব্যাখ্যা করো।

(৫) শিখন সঞ্চালনের অন্তর্গত সদৃশ উপাদানের তত্ত্বটি ব্যাখ্যা করো।

Scanned with CamScanner

(৫) বিস্মৃতির দুটি কারণ উল্লেখ করো।
(৬) বিস্মৃতি আমাদের কাছে আশীর্বাদ কেন?
(৭) পশ্চাৎমুখী প্রতিরোধ বলতে কী বোঝো?
(৮) শিখনের লেখচিত্রে উপত্যকার সৃষ্টি হয় কেন?
(৯) পুনরুদ্রেক ও প্রত্যাভিজ্ঞার মধ্যে পার্থক্য নির্দেশ করো।
(১০) স্থায়ী ও অস্থায়ী স্মৃতির মধ্যে পার্থক্য কী?
(১১) স্মরণ ক্রিয়ার সঙ্গে যুক্ত মানসিক প্রক্রিয়াগুলির নাম উল্লেখ করো।
(১২) স্মৃতির পরীক্ষায় অর্থহীন শব্দসমষ্টি ব্যবহার করা হয় কেন?
(১৩) স্মৃতির বিভিন্ন সোপানগুলি উল্লেখ করো।
(১৪) স্মৃতির বিভিন্ন প্রকারভেদগুলি উল্লেখ করো।
(১৫) সংবেদী স্মৃতি কী?

Scanned with CamScanner

১) শিখনের সাথে স্মরণের সম্পর্ক উল্লেখ করো।

২) ধারণ ক্রিয়া বলতে কী বোঝো?

৩) স্মৃতির পরিসর কী?

৪) উত্তম স্মৃতির দুটি লক্ষণ উল্লেখ করো।

Scanned with CamScanner